

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ
বিএসএল অফিস কমপ্লেক্স
ভবন-২ (লেভেল- ৪, ৫, ৬)
১১৯ কাজী নজরুল ইসলাম সড়ক, ঢাকা-১০০০।

তারিখ : ০৩ মে, ২০২৩ খ্রি.


প্রেস বিজ্ঞপ্তি

আজ ০৩-০৫-২০২৩ খ্রি. রবিবার বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট জনাব উম্মে সালিক রুমাইয়া এর নেতৃত্বে “পদ্ম এন্টারপ্রাইজ” এবং “বৈশাখী ভান্ডার” ফলের আড়ত, কাওরান বাজার, ঢাকাতে মোবাইল কোর্ট পরিচালনা করা হয়।

অভিযানকালে “পদ্ম এন্টারপ্রাইজ” -এ বেশকিছু খাই পৈপে মজুদকৃত অবস্থায় পাওয়া যায়। মজুদকৃত পৈপেগুলোর চালান-রশিদ দেখতে চাইলে প্রতিষ্ঠানের মালিক যথাযথ চালান-রশিদ প্রদর্শনে ব্যর্থ হয়। পরবর্তীতে “বৈশাখী ভান্ডার” -এ বেশকিছু সফেদা মজুদকৃত অবস্থায় পাওয়া যায়। মজুদকৃত সফেদার চালান-রশিদ দেখতে চাইলে প্রতিষ্ঠানের কর্মচারীগণ মালিকের সাথে যোগাযোগক্রমে যথাযথ চালান-রশিদ প্রদর্শনে ব্যর্থ হয়। তাদের কৃত অপরাধ স্বীকার না করায় প্রতিষ্ঠান দুটির বিরুদ্ধে নিরাপদ খাদ্য আইন ২০১৩ এর ৩৮ ধারায় নিয়মিত মামলা দায়ের করা হয়।

প্রতিষ্ঠান দুটিকে ফল সংরক্ষণ, প্রক্রিয়াকরণ, মজুদ ও বিক্রয়ে নিরাপদ খাদ্য আইনের সংশ্লিষ্ট বিধি অনুযায়ী পরিষ্কার পরিচ্ছন্নতা বজায় রাখা, সংরক্ষণ ও ভোক্তাদের স্বাস্থ্য ঝুঁকি এড়াতে নির্দেশনা দেয়া হয়।

অভিযানকালে বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের নিরাপদ খাদ্য পরিদর্শক জনাব আব্দুস ছালাম মৃধা, জনাব মীর মাসুম আলী এবং বাংলাদেশ নিরাপদ খাদ্যের অন্যান্য সাপোর্ট স্টাফ এবং ব্যাটেলিয়ন আনসার সদস্যবৃন্দের একটি চৌকস টিম উপস্থিত ছিলেন।


(ড. সহদেব চন্দ্র সাহা)
পরিচালক

খাদ্যের বিশুদ্ধতা পরিবীক্ষণ ও বিচারিক কার্যক্রম বিভাগ

ই-মেইল: director.enforcement@bfsa.gov.bd

ফোনঃ ০২-২২২২২৭৬৮৫

বিতরণঃ

- ১। সদস্য (আইন ও নীতি), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ২। সচিব, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৩। পরিচালক, খাদ্যের বিশুদ্ধতা পরিবীক্ষণ ও বিচারিক কার্যক্রম বিভাগ, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৪। পিএস টু চেয়ারম্যান, (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৫। সহকারী পরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৬। অফিস কপি।